শিবপুরের পঠন-পাঠনে সন্তোষ কেন্দ্রীয় দলের

নিজস্ব প্রতিনিধি : কলকাতা, ৩রা ডিসেম্বর — শিবপুরের বেঙ্গল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড সায়েন্স ইউনিভার্সিটির ক্যাম্পাস এবং কাজকর্ম খতিয়ে দেখে সন্তোষ প্রকাশ করলো কেন্দ্রীয় সরকারের প্রতিনিধিদল। কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন মন্ত্রকের পক্ষ থেকে মূলত রাজ্যের দু'টি বিশ্ববিদ্যালয় পরিদর্শন করতে এই প্রতিনিধিদল রাজ্যে এসেছে। এই দুই বিশ্ববিদ্যালয় হলো বেঙ্গল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড সায়েন্স ইউনিভার্সিটি (বি ই এস ইউ) এবং যাদবপুর বিশ্ববিদ্যালয়। তিনজনের এই প্রতিনিধিদলের নেতৃত্বে আছেন মাদ্রাজ ইনস্টিটিউট অব ডেভেলপমেন্ট স্টাডিজ-র ডিরেক্টর অধ্যাপক এম আনন্দ কৃষ্ণন। বাকি দুই সদস্য হলেন আই আই টি খড়্গপুরের প্রাক্তন ডিরেক্টর এবং আই আই টি কানপুরের অধ্যাপক অমিতাভ ঘোষ এবং রুরকি বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য ডি ভি সিং। কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়নমন্ত্রক সারা দেশের মোট ২০০টি ইঞ্জিনিয়ারিং প্রতিষ্ঠানের মধ্য থেকে ৭টি প্রতিষ্ঠানকে আই আই টি-র মর্যাদা দেওয়ার পরিকল্পনা নিয়েছে। তার মধ্যে বি ই এস ইউ এবং যাদবপুর থাকায় এই পরিদর্শন। এই বিশেষজ্ঞ দল বৃহস্পতিবার যাদবপুর বিশ্ববিদ্যালয় পরিদর্শন করে। শুক্রবার তাঁরা বি ই এস ইউ পরিদর্শনে যান।

বেঙ্গল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড সায়েন্স ইউনিভার্সিটির উপাচার্য নিখিলরঞ্জন ব্যানার্জি জানিয়েছেন, শুক্রবার বিশেষজ্ঞ দলের সদস্যরা বিশ্ববিদ্যালয় পরিদর্শন করার পর ছাত্র, শিক্ষক এবং পদাধিকারীদের সঙ্গে বৈঠক করেন। বৈঠকের পর তাঁরা বিশ্ববিদ্যালয়ের কাজকর্ম সম্পর্কে সন্তোষ প্রকাশ করেছেন। কেন্দ্রীয় সরকারের কাছে বিশ্ববিদ্যালয়ের সার্বিক উন্নয়নের জন্য যে ৯৫০ কোটি টাকার প্রকল্প জমা দেওয়া হয়েছে, তাতে কিছু পরিবর্তন আনার জন্য সুপারিশও করেছেন তাঁরা। প্রতিটি বিভাগ নির্দিষ্ট করে প্রকল্পের বিস্তারিত খতিয়ান দিতে হবে। বিশেষজ্ঞরা এই পরিদর্শন সম্পর্কে দিল্লি ফিরে গিয়ে তাঁদের রিপোর্ট জমা দেবেন। তার ভিত্তিতে কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়নমন্ত্রক তাদের প্রস্তাব রাজ্য সরকারের কাছে পাঠাবে। এরপর দুই সরকারের মধ্যে আলোচনার ভিত্তিতে সিদ্ধান্ত গৃহীত হবে।